তারিখ ... 18 MAY 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২ ...

সমকাল

ছাত্রীকে উত্তরপত্র লেখায় সহায়তা

# শেরপুরে সাবেক শিক্ষকের ৩ বছর কারাদণ্ড

■ শেরপুর প্রতিনিধি

বাসায় বসিয়ে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) এসএসসি পরীক্ষার উত্তরপত্র লেখানোর মামলায় শেরপুর শহরের জিকে পাইলট উচ্চ বিদ্যালয়ের সাবেক ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মো. ইয়াকুব আলীকে তিন বছরের কারাদণ্ড দিয়েছেন আদালত। মামলার রায়ে লাল মিয়া নামে তার আরেক সহযোগীকেও দুই বছরের সশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত। শেরপুরের অতিরিক্ত চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট মো. মোমিনুল ইসলাম গতকাল মঙ্গলবার দুপুরে এ রায় দেন।

মামলার বিবরণে জানা যায়, ২০১২ সালের ২৯ জুন শেরপুর সরকারি ভিক্টোরিয়া একাডেমি কেন্দ্রের বাউবি এসএসসি পরীক্ষার্থী আয়শা খাতুনকে শহরের মাধবপুর এলাকার নিজের ভাড়া বাসায় বসিয়ে উত্তরপত্র লেখায় সহায়তা করেন তৎকালীন জিকে পাইলট হাই স্কুলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক ইয়াকুব আলী। গোপন সংবাদে বিষয়টি জানতে পেরে ডিবি পুলিশ ওই বাসায় হানা দিয়ে পরীক্ষার্থী, শিক্ষক ইয়াকুব আলীসহ ৫ জনকে হাতেনাতে ধরে ফেলে। এ ঘটনায় ডিবির উপপরিদর্শক মিঠু মিয়া বাদী হয়ে সদর থানায় একটি মামলা করেন। ১৫ সাক্ষীর সাক্ষ্য গ্রহণ করা হয়। রায়ে বিচারক ওই পরীক্ষার্থীসহ দু'জনকে বেকসুর খালাস দেন।